কালের কণ্ঠ

তারিখ ... 12. SEP. 2015 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১-৬ ...

অর্থমন্ত্রীকে এমাজউদ্দীন

# ভ্যাট প্রত্যাহার করে শিক্ষার্থীদের কাছে ক্ষমা চান

নিজস্ব প্রতিবেদক ▷

ভ্যাট প্রত্যাহার করে শিক্ষার্থীদের কাছে ক্ষমা চাইতে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতকে পরামর্শ দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. এমাজউদ্দীন আহমদ। অর্থমন্ত্রীকে উদ্দেশ করে তিনি বলেন, 'একদিকে শিক্ষকদের নিয়ে বাজে কথা বলার পর নিজের ভুল স্বীকার করেছেন। অন্যদিকে আবার শিক্ষার্থীদের ওপর ভ্যাট আরোপ করেছেন। এটা আপনার সবচেয়ে বড় অপরাধ। তাই নিজের অপরাধের কথা স্বীকার করে শিক্ষার্থীদের কাছে ক্ষমা চান।'

গতকাল শুক্রবার বিকেলে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে জাতীয়তাবাদী মুক্তিযুদ্ধ প্রজন্ম দল আয়োজিত আলোচনা সভায় ড. এমাজউদ্দীন এসব কথা বলেন। শিক্ষাব্যবস্থায় নৈরাজ্যকর পরিস্থিতি, শিক্ষকদের ক্ষেত্রে বৈষম্য ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর আরোপিত ভ্যাট প্রত্যাহারের দাবিতে এ সভার আয়োজন করা হয়। এমাজউদ্দীন বলেন, 'কিছু ব্যক্তির স্বার্থ রক্ষায় সরকার শিক্ষার্থীদের ওপর ভ্যাট আরোপ করেছে। যাতে তারা আরো কিছুদিন ক্ষমতায় টিকে থাকতে পারে।' সরকারের উদ্দেশে তিনি বলেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অবহেলা করবেন না। বরং এদের সাহায্য ও সহযোগিতা করুন।'

আয়োজক সংগঠনের সভাপতি শ্যামা ওবায়েদের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে বক্তব্য দেন বিএনপির সহ-আইনবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী, সহদপ্তর সম্পাদক আসাদুল করিম শাহীন প্রমুখ।